দৈনিক সংবাদ

তারিখ 09 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ১

03

ভারপ্রাপ্ত ভিসি বলেছেন

# পরিস্থিতি স্বাভাবিক হলেই বুয়েট খুলে দেয়া হবে

( নিজস্ব বার্তা পরিবেশক )

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য বলেছেন, হত্যা ও আরো ধ্বংসযজ্ঞের আশংকায় বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। আহমেদ উল্লাহর মৃত্যুর পর ছাত্ররা যে উন্মত্ততা শুরু করেছিল তাতে

বুয়েট ঃ পৃঃ ৮ কঃ ৪

## বুয়েট ঃ খুলে দেয়া হবে

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষকদের ছেলেমেয়ে পর্যন্ত হত্যা এবং আরো ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটতে পারতো।

তিনি গতকাল বৃহস্পতিবার বিকেলে ভিসি অফিসে এক প্রেস ব্রিফিংয়ে একথা জানান। ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ডঃ দীপক কান্তি দাশ, প্রকৌশল অনুষদের ডিন ডঃ এম আলী আজগর, পুরকৌশল অনুষদের ডিন ডঃ আলমগীর মজিবুল হক, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল অনুষদের ডিন ডঃ মোঃ আবদুল মতিন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ডিন ডঃ গোলাম রহমানসহ বিভিন্ন হলের প্রভোস্ট, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রফিকুল হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রেস ব্রিফিংয়ে ভারপ্রাপ্ত ভিসি জানান, ছাত্রদের ভাঙচুর ও অগ্নিসংযোগে ক্ষতির পরিমাণ প্রায় ১২ লাখ টাকা। এছাড়াও মূল্যবান অনেক পুস্তক, পাণ্ডুলিপি ও কাগজপত্রের অপূরণীয় ক্ষতি হয়েছে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, পরিস্থিতি যত দ্রুত স্বাভাবিক হবে তত তাড়াতাড়িই বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হবে।

ভারপ্রাপ্ত ভিসি হত্যাকান্ডের নৈতিক দায়দায়িত্ব স্বীকার করলেও তিনি বলেন, হত্যার সাথে বিশ্ববিদ্যালয়ের কোন ঘটনা জড়িত নয়।